দৈনিক
ইত্তেফাক

তারিখ 17 DEC 2006
পৃষ্ঠা ৭ কলাম ৫

# বাকৃবিতে ছাত্রদল-ছাত্রলীগ সংঘর্ষে আহত ১৫ ॥ ৩০ কক্ষ ভাংচুর ॥ অগ্নিসংযোগ

॥ বাকৃবি থেকে সংবাদদাতা ॥

শনিবার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে মহান বিজয় দিবস উপলক্ষে সকালে ছাত্রদল ও ছাত্রলীগ মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভে ফুল দেয়ার পর ছাত্রলীগের মিছিল যাওয়ার সময় তাদের উদ্দেশ করে ছাত্রদল উস্কানিমূলক মন্তব্য করলে ছাত্রদলের উপর অতর্কিত হামলা চালায় ছাত্রলীগ নেতা-কর্মীরা। সংঘর্ষে ছাত্রদলের যুগ্ম সম্পাদক আঃ রশিদ, সহ-দপ্তর সম্পাদক বান্টী, কল্লোল, মাসুদ এবং ছাত্রলীগের যুগ্ম সম্পাদক জিয়াউল হক টিটু, বাচ্চু, প্রিন্সসহ উভয়পক্ষের কমপক্ষে ১৫ জন আহত হয়। পরে ছাত্রলীগ ঈশাখাঁ হলের গেস্ট রুম, প্রভোস্ট রুম, শিবির সভাপতির রুমসহ কমপক্ষে ৩০টি কক্ষ ভাংচুর করে। এ সময় তারা কয়েকটি কক্ষে অগ্নিসংযোগও করে। এ ঘটনার জন্য ছাত্রদল ও ছাত্রলীগ পরস্পরকে দোষারোপ করেছে। ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে। সেখানে ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়েছে।